

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫০২৫

আগরতলা, ১ মার্চ, ২০২৪

উচ্চমাধ্যমিক পরীক্ষা : প্রথম দিন শান্তিপূর্ণ

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্যবেক্ষণ পরিচালিত উচ্চমাধ্যমিক (নতুন সিলেবাস), মাদ্রাসা ফাজিল আর্টস (নতুন সিলেবাস) ও মাদ্রাসা ফাজিল থিওলজি (নতুন সিলেবাস) পরীক্ষার ইংরেজী বিষয়ের পরীক্ষা আজ অনুষ্ঠিত হয়। রাজ্যের মোট ৬০টি উচ্চতর মাধ্যমিক পরীক্ষা কেন্দ্রের অন্তর্গত সমস্ত পরীক্ষাকেন্দ্র শান্তিপূর্ণ ছিল। আজকের পরীক্ষায় অসদুপায় অবলম্বন করার জন্য কোন পরীক্ষার্থীকে বহিক্ষার করার সংবাদ পাওয়া যায়নি। পর্যবেক্ষণের সভাপতি ড. ধনঞ্জয় গণচৌধুরী, ওএসডি জ্যোতির্ময় রায় এবং উপসচিব সুভাশিস চৌধুরী বিভিন্ন পরীক্ষাকেন্দ্র পরিদর্শন করেন। নতুন সিলেবাসের উচ্চতর মাধ্যমিক, মাদ্রাসা ফাজিল আর্টস ও মাদ্রাসা ফাজিল থিওলজির ইংরেজী পরীক্ষায় ২৪,৮২২ ছাত্রছাত্রী এন্রোল ছিল। এর মধ্যে রাজ্য পরীক্ষায় বসেছিল ২৪,৬৩৩ জন পরীক্ষার্থী। পরীক্ষায় ছাত্রছাত্রীর উপস্থিতির শতকরা হার ৯৯.২৪ শতাংশ। ত্রিপুরা মধ্যশিক্ষা পর্যবেক্ষণ সচিব ড. দুলাল দে এই সংবাদ জানিয়েছেন।
